

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট এন্ড পেমেন্ট সিস্টেমস  
পেমেন্ট সিস্টেমস ডিভিশন

পিএসডি সার্কুলার নং: ০৫/২০০৯

তারিখঃ ০২ নভেম্বর, ২০০৯  
১৮ কার্তিক, ১৪১৬

ব্যবস্থাপনা পরিচালক / নির্বাহী প্রধান  
বাংলাদেশে কার্যরত সকল তফশীলি ব্যাংক

প্রিয় মহোদয়,

## ই-কমার্স কার্যক্রম প্রসঙ্গে

ই-কমার্স কার্যক্রমের সুবিধার্থে এখন থেকে সব তফশীলি ব্যাংক তাদের ই-কমার্স কার্যক্রম সংশ্লিষ্ট গ্রাহকদের জন্য নিম্নোক্ত সুবিধাগুলো প্রদান করতে পারবে -

- (১) অনলাইনে গ্রাহক কর্তৃক নিজ হিসাব থেকে প্রাপক পক্ষের ব্যাংক হিসাবে ইউটিলিটি বিল পরিশোধ;
- (২) গ্রাহকের এক ব্যাংক হিসাব থেকে একই ব্যাংকের গ্রাহকের নামে রক্ষিত অন্য ব্যাংক হিসাবে অনলাইনে অর্থ স্থানান্তর;
- (৩) ই-কমার্স ব্যবস্থায় ক্রয়-বিক্রয়ের মূল্য পরিশোধ বা আদায়ের সূত্রে ক্রেতার ব্যাংক হিসাব থেকে বিক্রেতার ব্যাংক হিসাবে অনলাইনে পরিশোধ দেয়া বা আদায়; এবং
- (৪) স্থানীয় মুদ্রায় ইন্টারনেটে ক্রেডিট কার্ডে লেনদেন করা।

উপরোক্ত অনলাইন পরিশোধগুলো নগদ লেনদেন এর সমতুল্য গণ্য হবে এবং এগুলোর জন্য মানিলভারিং প্রতিরোধ আইন ও তদসূত্রে জারিকৃত বিভিন্ন সার্কুলার/ সার্কুলার পত্র/নির্দেশনাবলী অনুসরণীয় হবে। নগদ লেনদেনের জন্য প্রযোজ্য ব্যবস্থার অনুরূপভাবে অনলাইন পরিশোধের ক্ষেত্রে CTR ও STR বাংলাদেশ ব্যাংকের মানিলভারিং প্রতিরোধ বিভাগের ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটে দাখিল করতে হবে। মানিলভারিং কার্যক্রমে অনলাইন পরিশোধ ব্যবস্থার অপব্যবহার প্রতিরোধে সতর্ক দৃষ্টি রাখার জন্য সকল ব্যাংককে পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

(দেবাশিস্ চক্রবর্তী)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোন : ৭১২৩৪৪৩